



“শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ”

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
কেন্দ্রীয় সচিবালয়
ওয়াপদা ভবন (২য় তলা), মতিঝিল, ঢাকা
www.bpdb.gov.bd



নম্বর: ২৭.১১.০০০০.১০১.১৪.০৩২.২০-২৮৬৫

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৭
০৮ সেপ্টেম্বর ২০২০

দপ্তরাদেশ

২০১৮-২০১৯ অর্থ বৎসরের APA (Annual Performance Agreement) লক্ষ্যমাত্রা অর্জনের প্রেক্ষিতে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের কর্মকর্তা/কর্মচারীগণকে ০১ (এক) মাসের মূলবেতনের সমপরিমাণ ১ (এক) টি ইনসেনটিভ বোনাস প্রদানের বিষয়ে অর্থ বিভাগের মনিটরিং সেলের স্মারক নং: ০৭.০১.০০০০.০০১.২০.০১২.১৪(অংশ-১)/২৭০ তারিখ: ১৯-০৮-২০২০ অনুযায়ী সম্মতি প্রদান করেছে। উক্ত সম্মতি পত্রের প্রেক্ষিতে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের গত ০৭-০৯-২০২০ তারিখের ১৮৬০ তম ভারুয়াল সাধারণ বোর্ডসভার সিদ্ধান্ত অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীগণকে নিম্নোক্ত শর্তে ১ (এক)টি ইনসেনটিভ বোনাস প্রদানের অনুমোদন দেয়া হয়। ২০১৮-২০১৯ অর্থ বছরের APA (Annual Performance Agreement) লক্ষ্যমাত্রা অর্জনের বিপরীতে ০১ (এক) টি ইনসেনটিভ বোনাস যা ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ প্রদানে নিম্নে বর্ণিত শর্ত প্রযোজ্য হবে:

- ১) পুরস্কার প্রাপ্য কর্মকর্তা/কর্মচারীগণ ২০১৮-২০১৯ অর্থ বৎসরের জুন/২০১৯ ইং মাসের মূলবেতনের ভিত্তিতে পুরস্কার পাবেন।
- ২) ২০১৮-২০১৯ অর্থ বৎসরে কোন কর্মকর্তা/কর্মচারি আকস্মিক মৃত্যু এবং পি আর এল এ গমনের পূর্ব কর্মকাল নূন্যতম ১৮০ (একশত আশি) দিন বা তার বেশী হলে ১ (এক) মাসের সমপরিমাণ এবং অন্যান্য ক্ষেত্রে সক্রিয় কর্ম দিবসের ভিত্তিতে বোনাস প্রাপ্য হবেন।
- ৩) কোন কর্মকর্তা/কর্মচারির বিরুদ্ধে ২০১৮-২০১৯ অর্থ বছরে বিউবোরবিভাগীয় মামলা ও অন্য যে কোন মামলায় শাস্তি/দন্ড আরোপিত হলে “ইনসেনটিভ বোনাস” প্রাপ্য হবেন না।
- ৪) কোন কর্মকর্তা/কর্মচারির বিরুদ্ধে ২০১৮-২০১৯ অর্থ বছরে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বিভাগীয় মামলা ও অন্য যে কোন মামলা চলমান থাকলে যতদিন পর্যন্ত মামলার শাস্তি/দন্ড হতে অব্যাহতি না পাবেন ততদিন পর্যন্ত তিনি “ইনসেনটিভ বোনাস” প্রাপ্য হবেন না, যা সংশ্লিষ্ট দপ্তর প্রধান নিশ্চিত করবেন।
- ৫) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের কর্মকর্তা/কর্মচারীগণের প্রাপ্য পুরস্কারের অর্থ পরিশোধে কোন জটিলতা দেখা দিলে এই বিষয়ে মহাব্যবস্থাপক, বাণিজ্যিক পরিচালন, বিউবো, ঢাকা এর মতামতের ভিত্তিতে বিষয়টি নিষ্পত্তি করা হবে।

(সাইফুল ইসলাম আজাদ)

সচিব

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা

☎: ০২-৯৫৫৪২০৯

secretary@bpdb.gov.bd

নম্বর: ২৭.১১.০০০০.১০১.১৪.০৩২.২০-২৮৬৫

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৭
০৮ সেপ্টেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সদস্য, প্রশাসন/ অর্থ/ পরিকল্পনা ও উন্নয়ন/ উৎপাদন/ কোম্পানি অ্যাফেয়ার্স/ বিতরণ, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ২। সকল প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক (প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী)/ মহাব্যবস্থাপক/নিয়ন্ত্রক(হিসাব ও অর্থ)/প্রধান চিকিৎসা কর্মকর্তা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ৩। চীফ স্টাফ অফিসার টু চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সকল পরিচালক/ব্যবস্থাপক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক/অতিরিক্ত পরিচালক, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার কেন্দ্র, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা (অফিস আদেশটি বিউবোর ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৬। সকল উপসচিব/নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক/আবাসিক প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ৭। সকল উপ পরিচালক (হিসাব), আঞ্চলিক হিসাব দপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ৮। অফিস কপি।

(প্রনব কুমার ঘোষ)

সিনিয়র সহকারি সচিব (উন্নয়ন)

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।